



খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৮

B ইউনিট

স্নাতক/স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির নিয়মাবলি

শিক্ষাবর্ষ : ২০১৯-২০২০

খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে B ইউনিটের অধীন (কলা ও মানবিক স্কুল, সামাজিক বিজ্ঞান স্কুল, আইন স্কুল ও শিক্ষা স্কুল) ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ :

১. আবেদনের যোগ্যতা ও আসন সংখ্যা :

১.১ B ইউনিটে আবেদনের সাধারণ যোগ্যতা এস.এস.সি/সম্মান পরীক্ষায় জিপিএ ৪.০০ এবং এইচ.এস.সি/সম্মান পরীক্ষায় জিপিএ ৪.০০। তবে আইন স্কুলের জন্য এস.এস.সি/সম্মান ও এইচ.এস.সি/সম্মান পরীক্ষায় মোট জিপিএ ৯.০০।

স্কুল	ডিসিপ্লিন	সাধারণ আসন	সংরক্ষিত আসন*		মোট আসন	আবেদনের ন্যূনতম যোগ্যতা জিপিএ/জিপি
			মুক্তিযোদ্ধা কোটা	উপজাতি কোটা		
কলা ও মানবিক স্কুল	ইংরেজি	৫৫	০১	০১	৫৭	ইংরেজি ডিসিপ্লিনে ভর্তিচ্ছুদের এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.৫০
	বাংলা	৫৫	০১	০১	৫৭	বাংলা ডিসিপ্লিনে ভর্তিচ্ছুদের এইচএসসি পরীক্ষায় বাংলা বিষয়ে ৩.৫০
	ইতিহাস ও সভ্যতা	৩৮	০১	০১	৪০	
সামাজিক বিজ্ঞান স্কুল	অর্থনীতি	৪৩	০১	০১	৪৫	এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.৫০
	সমাজবিজ্ঞান	৪৮	০১	০১	৫০	
	ডিভেলপমেন্ট স্টাডিজ	৪৩	০১	০১	৪৫	
	গণযোগাযোগ ও সাংবাদিকতা	৩৮	০১	০১	৪০	
আইন স্কুল	আইন	৩৮	০১	০১	৪০	এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.৫০
শিক্ষা স্কুল	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	২৩	০১	০১	২৫	এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.৫০
মোট		৩৮১	৯	৯	৩৯৯	

* বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে উত্তীর্ণ প্রার্থীর জন্য প্রতিটি স্কুল-এ ০১ (এক) টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে।

১.২ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.৩ ২০১৮ অথবা ২০১৯ সালে উচ্চ মাধ্যমিক/সম্মানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১.৪ IGCSE/O Level এবং IAI/GCE A Level প্রার্থীর ক্ষেত্রে ২০১৮ ও ২০১৯ সালে উত্তীর্ণ IAI/GCE A Level পরীক্ষায় অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থী এবং ২০১৪ থেকে ২০১৭ সাল পর্যন্ত IGCSE/O Level পরীক্ষায় অন্তত ০৫ (পাঁচ) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের IGCSE/O Level এবং IAI/GCE A Level মোট ০৭ (সাত) টি বিষয়ের মধ্যে যথাক্রমে ০৪ (চার) টি বিষয়ে কমপক্ষে B Grade ও ০৩ (তিন) টি বিষয়ে কমপক্ষে C Grade থাকতে হবে।

২. পরীক্ষা বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা :

২.১ ভর্তিপরীক্ষা বহুনির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় ১২০ (একশত বিশ) টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ০১। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ভর্তিপরীক্ষায় বিষয়ভিত্তিক মানবন্টন নিম্নরূপ:

বিষয়	নম্বর	সময়
বাংলা	৩০	পরীক্ষার্থীর পরিচিতি নিশ্চিতকরণ ৩০ মিনিট পরীক্ষার সময় ১.০০ ঘণ্টা
ইংরেজি	৫০	
সাধারণ জ্ঞান	৪০	
সর্বমোট	১২০	

২.২ ভর্তিপরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রমানুসারে সাধারণ আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। প্রার্থীকে ভর্তিকমিটি কর্তৃক নির্ধারিত বিষয়ভিত্তিক ন্যূনতম নম্বর পেতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তিপরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ন্যূনতম নম্বর পেতে হবে। ভর্তিপরীক্ষার ফলাফল খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <www.ku.ac.bd> এবং B ইউনিটের অফিসের নোটিশবোর্ডে প্রকাশিত হবে।

৩. ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি :

ক্রমিক নম্বর	বিবরণ	তারিখ	সময়সূচি
৩.১	আবেদন শুরুর তারিখ	০১/০৯/২০১৯	
৩.২	আবেদনের শেষ তারিখ	৩০/০৯/২০১৯	
৩.৩	ভর্তিপরীক্ষা	০২/১১/২০১৯	
৩.৪	উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ	০৬/১১/২০১৯	
৩.৫	ওয়েবসাইট-এ ডিসিপ্লিন পছন্দক্রম ফর্ম পূরণ*	০৮/১১/২০১৯ থেকে ১৪/১১/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত	সুচিতভাবে পছন্দক্রম ফর্ম পূরণ করতে হবে। পরবর্তীতে পছন্দ পরিবর্তন করা যাবে না।
৩.৬	চূড়ান্ত মেধাক্রম প্রকাশ	১৭/১১/২০১৯	
৩.৭	মেধাতালিকা থেকে ভর্তি	২১/১১/২০১৯	সকাল ৯:৩০-৫:০০ টা
৩.৮	অপেক্ষমাণ মেধাতালিকা থেকে নিবন্ধন	২৮/১১/২০১৯	সকাল ৯:৩০-১২:০০ টা
৩.৯	অপেক্ষমাণ মেধাতালিকা থেকে নিবন্ধিত শিক্ষার্থীদের ভর্তি	২৮/১১/২০১৯	দুপুর ১২:৩০-৪:০০ টা
৩.১০	শিক্ষা কার্যক্রম শুরু	০১/০১/২০২০	

*খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ (www.ku.ac.bd) উত্তীর্ণ প্রার্থীর তালিকা প্রকাশের পর প্রার্থীকে ওয়েবসাইটেই রোলনম্বর অনুযায়ী ডিসিপ্লিনের পছন্দক্রম জানাতে হবে। এক্ষেত্রে প্রার্থী তার রোলনম্বরের পাশে উল্লিখিত ডিসিপ্লিন থেকে পছন্দক্রম সাজিয়ে নির্দিষ্ট ঘর পূরণ করবে। স্মর্তব্য, পূরণকৃত পছন্দক্রম পরবর্তীতে পরিবর্তন করা যাবে না।

৪. প্রবেশপত্র সংগ্রহ :

যোগ্যপ্রার্থীর তালিকা প্রকাশের পর পরীক্ষার্থীকে <www.ku.ac.bd> এবং kuadmission.online থেকে User Name ও Password ব্যবহার করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ভর্তিপরীক্ষার দিন পরীক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্রের ০২ (দুই) টি কপি সঙ্গে আনতে হবে। প্রবেশপত্রের উল্টোপিঠে পরীক্ষার্থীকে নিজ হাতে নাম, ঠিকানা ও মোবাইল ফোননম্বর লিখতে হবে। প্রবেশপত্রের একটি কপি পরীক্ষার সময় পরীক্ষার্থী ইনভিজিলেটরকে প্রদান করবে এবং অন্যটি প্রার্থী নিজ দায়িত্বে সংরক্ষণ করবে; যা ভর্তির সময়ে সঙ্গে আনতে হবে।

৫. ভর্তির নিয়মাবলী :

- ৫.১ একজন প্রার্থী একই সঙ্গে সাধারণ আসন এবং সংরক্ষিত আসনের মেধাতালিকায় থাকলে সে যে তালিকায় বিবেচিত হতে চায় তা সনদপত্র যাচাইয়ের সময় নির্ধারিত ফর্ম পূরণপূর্বক উল্লেখ করতে হবে।
- ৫.২ সংরক্ষিত আসনে নির্বাচিত প্রার্থীদের সংশ্লিষ্ট সনদপত্র যাচাইসাপেক্ষে ভর্তি করা হবে। সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধার পোষ্য নির্ধারিত হবে।
- ৫.৩. সংরক্ষিত আসনে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সাধারণ আসনের মেধাক্রমানুযায়ী পূরণ করা হবে। উল্লেখ্য, সংরক্ষিত বিকেএসপির আসনে কোনো শিক্ষার্থী পাওয়া না গেলে তা মেধাক্রম থেকে পূরণ করা হবে না।
- ৫.৪. মেধাতালিকায় অন্তর্ভুক্ত প্রার্থীদেরকে ২১-১১-২০১৯ খ্রি. তারিখে সকাল ৯:৩০ মিনিট থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে। নির্বাচিত কোনো প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার প্রার্থিতা বাতিল হয়ে যাবে। মেধাতালিকা থেকে প্রার্থী ভর্তির পর আসন শূন্য থাকলে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি করা হবে।
- ৫.৫. অপেক্ষমাণ তালিকার প্রার্থীর ভর্তির জন্য ২৮-১১-২০১৯ খ্রি. তারিখে সকাল ৯:৩০টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত ভর্তির জন্য উপস্থিতি নিবন্ধন করা হবে এবং দুপুর ১২:৩০টা থেকে বিকেল ৪:০০টা পর্যন্ত নিবন্ধনকৃত প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে।
- ৫.৬ ক্লাস শুরুর ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন (বিলম্ব ফি ব্যতীত) করতে হবে। বিলম্ব ফি দিয়ে পরবর্তী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন করা যাবে।
- ৫.৭. ভর্তিকমিটির সভাপতি কর্তৃক মনোনীত ব্যক্তির নিকট ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর সত্যতা যাচাইয়ের উদ্দেশ্যে মূল ট্রান্সক্রিপ্ট/মার্কশিট ও সার্টিফিকেট ভর্তির দিনে অবশ্যই জমা দিতে হবে।
- ৫.৮. কোনো প্রার্থী নির্ধারিত তারিখের মধ্যে কোর্স রেজিস্ট্রেশনে ব্যর্থ হলে স্বয়ংক্রিয়ভাবে তার ভর্তি বাতিল হবে।

৬. স্বাস্থ্য পরীক্ষা :

ভর্তিপারীক্ষায় নির্বাচিত প্রার্থীর ভর্তির দিন স্বাস্থ্যপরীক্ষা করা হবে না। তবে, পরবর্তীতে খুলনা বিশ্ববিদ্যালয়ের মনোনীত চিকিৎসক এক মাসের মধ্যে ডিসিপ্রিন অনুসারে নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্যপরীক্ষা করবেন। পরীক্ষায় যদি কোনো প্রার্থীর কোনো প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে প্রার্থীর পক্ষে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রমে অংশগ্রহণ করা অসুবিধা হতে পারে বলে চিকিৎসক মনে করেন, তাহলে তার ভর্তি বাতিল হবে। তবে নিরাময়যোগ্য ত্রুটির ক্ষেত্রে ১০ (দশ) দিনের মধ্যে পুনরায় স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে প্রার্থীকে যোগ্য বলে বিবেচিত হতে হবে।

৭. বিশেষ দ্রষ্টব্য :

- ৭.১ ভর্তিপারীক্ষায় অংশগ্রহণের জন্য খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট <www.ku.ac.bd> এবং kuadmission.online এর মাধ্যমে আবেদনপূর্বক প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ৭.২ ভর্তিপারীক্ষায় যোগ্যপ্রার্থীদের তালিকা খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <www.ku.ac.bd> এবং B ইউনিটভুক্ত সকল স্কুলের ডিন অফিসের নোটিশবোর্ডে প্রকাশিত হবে।
- ৭.৩ ভর্তিসংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্যে B ইউনিটের ভর্তি কার্যালয়ে (কক্ষ নম্বর-৩২৭৬, কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবন, খুলনা বিশ্ববিদ্যালয়) সরাসরি সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত অথবা উল্লিখিত মোবাইল ফোননম্বরে যোগাযোগ করা যেতে পারে: ০১৭৫৬৪৫৫৯১০ এবং ০১৩০৪৫৬৮৭৮৯
- ৭.৪ বিশ্ববিদ্যালয়ের হলে স্থানাভাবের কারণে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের হলে সিটের নিশ্চয়তা দেয়া সম্ভব নয়।
- ৭.৫ ভর্তিবিষয়ক যেকোনো নিয়ম-কানুন পরিবর্তন কিংবা পরিবর্তনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রফেসর ড. শেখ মোঃ রজিকুল ইসলাম)

সভাপতি

B ইউনিট স্নাতক/স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৯-২০২০

ও

ডিন, কলা ও মানবিক স্কুল

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮